

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
শৃংখলা অধিশাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৯২.২০১৭-৩০৬


তারিখঃ ২০.০৩.২০১৮ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন

যেহেতু, জনাব সৈয়দ মোঃ মতিউর রহমান, উপ-সহকারী প্রকৌশলী (তড়িৎ), লক্ষীপুর জেলা, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, নোয়াখালী, বিভাগ, নোয়াখালী জেলা গোয়েন্দা শাখা (ডিবি) কর্তৃক নোয়াখালী জেলার সুধারাম থানার মামলা নং-২৫, তারিখঃ- ১৯.০২.২০১৫ খ্রিঃ এর বিপরীতে পুলিশ কর্তৃক গত ১৯.০২.২০১৫ খ্রিঃ শ্রেফতার হওয়ায় বাংলাদেশ সার্ভিস বুলস(পোর্ট-৭) এর বিধি-৭৩ মোতাবেক স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ০৭.০৪.২০১৫ খ্রিঃ ৪৫.১৫১.০২৭.০০.০০৭.২০১৫-১২৯ নং আদেশমূলে তাঁকে সরকারি চাকুরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হয়;

যেহেতু, উক্ত মামলায় অতিরিক্ত দায়রা জজ, ২য় আদালত, নোয়াখালী গত ২০.০৮.২০১৭ খ্রিস্টাব্দের আদেশে উক্ত মামলায় তাঁর বিরুদ্ধে অনীত ফৌজদারী অভিযোগের দায় হতে তাঁকে বেকসুর খালাস প্রদান করেছেন;

এমতাবস্থায়, জনাব সৈয়দ মোঃ মতিউর রহমান, উপ-সহকারী প্রকৌশলী (তড়িৎ), লক্ষীপুর জেলা, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, নোয়াখালী, বিভাগ, নোয়াখালীর স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ০৭.০৪.২০১৫ তারিখের ৪৫.১৫১.০২৭.০০.০০৭.২০১৫-১২৯ নম্বর আদেশে সাময়িক বরখাস্ত আদেশ এতদ্বারা প্রত্যাহার করা হল এবং তাঁর সাময়িক বরখাস্তকালীন সময়ে বিধি মোতাবেক কর্তব্যকাল হিসেবে গণ্য করা হল। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের প্রাক্তন শৃংখলা-২ শাখার ১৭.০৮.২০১৫ তারিখের ৪৫.১৫১.০২৭.০০.০০৭.২০১৫-২২৮ নম্বর স্মারকে অসদাচরণ এর অভিযোগে রুজুকৃত বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদান করা হল।



(মোঃ মিরাজুল হক খান)
সচিব

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৯২.২০১৭-৩০৬/৩(৬)

তারিখঃ ২০.০৩.২০১৮ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।
- ২। উপসচিব (নির্মাণ), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা। [পরবর্তী গেজেটে প্রকাশ ও প্রকাশিত গেজেটের ২০ (বিশ) কপি শৃংখলা অধিশাখায় প্রেরণের জন্য অনুরোধ করা হল]
- ৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এইচইডি, সার্কেল-২, চট্টগ্রাম (কুমিল্লা)।
- ৫। নির্বাহী প্রকৌশলী, এইচইডি, নোয়াখালী বিভাগ, নোয়াখালী।
- ৬। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, নোয়াখালী।
- ৭। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)
- ৮। জনাব সৈয়দ মোঃ মতিউর রহমান, উপ-সহকারী প্রকৌশলী (তড়িৎ, অঃ দঃ), লক্ষীপুর জেলা, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, নোয়াখালী, বিভাগ, নোয়াখালী।


(মোঃ রেজাউল আকম)
উপ-সচিব
ফোনঃ ৯৫৪৫০২৮